গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
বিদ্যুৎ বিভাগ
উন্নয়ন-১ শাখা
www.powerdivision.gov.bd.com

নং-২৭.০০.০০০০.০৭১.০১৪.০৩.২০০৩(অংশ-৪). ১০৫৯ তারিখ-১০/০৯/২০১৫ খ্রিঃ।

# 'অফিস আদেশ'

প্রাপক ঃ জনাব মোহাম্মদ শাকিল খান
পিতা: জনাব আব্দুল খালেক খান
ফেরদৌস মঞ্জিল
৩/১০, পশ্চিম তেজতুরী বাজার
তেজগাঁও, ঢাকা- ১২১৫।

নিয়োগ কমিটির সুপারিশের প্রেক্ষিতে বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ের বিদ্যুৎ বিভাগের আওতাধীন "টিএ ফর ইমপ্লিমেন্টেশন অব বাংলাদেশ পাওয়ার সেক্টর রিফর্ম (২য় পর্যায়)" শীর্ষক কারিগরী সহায়তা প্রকল্পের আওতায় গঠিত পাওয়ার সেলের সহকারী পরিচালক (রিনিউয়েবল এনার্জি এন্ড এনার্জি ইফিসিয়েন্সি) পদে আপনাকে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে নিম্নবর্ণিত শর্ত মোতাবেক নিয়োগাদেশ প্রদান করা হলো ঃ

**নিয়োগের শর্তাবলী ঃ**

১। এ নিয়োগ সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে হবে;

২। বেতন ঃ প্রতিমাসে সাকুল্য বেতন হবে টাকা ২০,৪০০.০০ (বিশ হাজার চারশত) মাত্র;

৩। তিনি নিয়োজিত সময়ে সার্বক্ষনিক ভিত্তিতে প্রকল্পের কাজে নিয়োজিত থাকবেন। তিনি যে চাকুরীতে নিয়োজিত হচেছন সে চাকুরীতে যে প্রবিধানিক ব্যবস্থা রয়েছে তৎসম্পর্কিত প্রচলিত সরকারি বিধি ও সংশ্লিষ্ট অন্যান্য বিধি-বিধানসমূহ মেনে চলবেন;

৪। সরকারি নিয়ম মোতাবেক তিনি শুধু নৈমিত্তিক ও সরকারি ছুটি ভোগ করতে পারবেন। তবে অসুস্থতার কারণে বছরে সর্বোচচ একমাস বেতনসহ ছুটি মঞ্জুর করা যেতে পারে;

৫। জনপ্রশাসন মন্ত্রণালয়ের স্মারক নং-সম(উঃও বাঃ ১)-৮/৯৩-১২ তারিখ-১৮/০১/১৯৯৫ খ্রিঃ এর (১৩/১৪) অনুচেছদে বর্ণিত শর্ত সাপেক্ষে কোন কারণ না দর্শায়ে যে কোন পক্ষ হতে এক মাসের নোটিশ অথবা তৎপরিবর্তে এক মাসের বেতন প্রদানপূর্বক এ নিয়োগ বাতিল করা যাবে;

৬। জনপ্রশাসন মন্ত্রণালয়ের স্মারক নং-সম (উঃও বাঃ ১)-৮/৯৩-১২ তারিখ-১৮/০১/১৯৯৫ খ্রিঃ তে বর্ণিত শর্তাবলী সাপেক্ষে এবং এ নিয়োগপত্রে বেতন সম্পর্কে পুর্বে যা বলা হয়েছে তা সত্ত্বেও দেয় বেতন ও অন্যান্য আনুষাঙ্গিক সুবিধাদির ক্ষেত্রে সরকার কতৃক জারীকৃত যে কোন জরুরী কর্তন আদেশ প্রযোজ্য হবে;

৭। তিনি কোন সরকারি/আধা সরকারি/স্বায়ত্বশাসিত সংস্থায় কর্মরত থাকলে যথারীতি নিজ দায়িত্বে অব্যাহতি/লিয়েন অনুমোদন সাপেক্ষে এ পদে যোগদান করবেন;

৮। আগামী ৩০/০৯/২০১৫ তারিখের মধ্যে তাঁকে অবশ্যই সচিব, বিদ্যুৎ বিভাগ, বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয় বরাবর যোগদানপত্র দাখিল করতে হবে অন্যথায় উক্ত নিয়োগ বাতিল বলে গণ্য হবে;

৯। কর্মস্থলে যোগদানের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না;

১০। প্রাথমিকভাবে এ নিয়োগ ৩১/১২/২০১৬ তারিখ পর্যন্ত বলবৎ থাকবে, প্রকল্প মেয়াদকালীন বছর ভিত্তিক দক্ষতা মূল্যায়নের ভিত্তিতে কর্তৃপক্ষের সন্তুষ্টি সাপেক্ষে নিয়োগের মেয়াদ বৃদ্ধি করা যাবে;

১১। উপরোক্ত শর্তাবলী গ্রহণযোগ্য হলে যোগদান পত্রের সাথে ৩০০ টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে একটি অঙ্গীকারনামা দাখিল করতে হবে।

১০।৯।২০১৫

(মোহাং সেলিম উদ্দিন)
উপ সচিব
ফোন-৯৫৫৯৯২৮।
email:dev-1@pd.gov.bd

**বিতরণ ঃ**

১। মহাপরিচালক, পাওয়ার সেল, বিদ্যুৎ ভবন, ১নং আব্দুল গণি রোড, ঢাকা।
২। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, বিদ্যুৎ বিভাগ।
৪। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা (বিদ্যুৎ), সিজিএ ভবন, সেগুন বাগিচা, ঢাকা।

তারিখ: ২০/০৯/২০১৫ইং

বরাবর
সচিব
বিদ্যুৎ বিভাগ,
বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়।

<u>বিষয়ঃ যোগদান পত্র।</u>

জনাব,

বিনীত নিবেদন এই যে, আমি মোহাম্মদ শাকিল খান, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ের বিদ্যুৎ বিভাগ, উন্নয়ন-১ অধিশাখা-এর ১১ আগস্ট, ২০১৫ খ্রিঃ তারিখের নং-২৭.০০.০০০০.০৭১.০১৪.০৩.২০০৩(অংশ-৪).১০০৫ মোতাবেক বিদ্যুৎ বিভাগের আওতায় 'Technical Assistance for Implementation of Bangladesh Power Sector Reform (Phase-II)' শীর্ষক কারিগরি সহায়তা প্রকল্পে সহকারি পরিচালক (রিনিউয়েবল এনার্জি এন্ড এনার্জি ইফিসিয়েন্সি) পদে নিয়োগ পরীক্ষায় উত্তীর্ণ হয়ে উন্নয়ন-১ অধিশাখা, বিদ্যুৎ বিভাগ, বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ের ১০.০৯.২০১৫ খ্রিঃ তারিখের নং- ২৭.০০.০০০০.০৭১.০১৪.০৩.২০০৩(অংশ-৪).১০৫১ অফিস আদেশ মোতাবেক সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে উক্ত পদে নিয়োগ আদেশ প্রাপ্ত হয়েছি।

এ মোতাবেক আমি "টিএ ফর ইমপ্লিমেন্টেশন অব বাংলাদেশ পাওয়ার সেক্টর রিফর্ম (২য় পর্যায়)" শীর্ষক কারিগরি সহায়তা প্রকল্পের আওতায় গঠিত পাওয়ার সেলের সহকারি পরিচালক (রিনিউয়েবল এনার্জি এন্ড এনার্জি ইফিসিয়েন্সি) পদে অদ্য ২০/০৯/২০১৫ খ্রিঃ তারিখ পূর্বাহ্ণে যোগদান করলাম।

অতএব, প্রার্থনা এই যে আমার যোগদান পত্র খানা গ্রহণ ও মঞ্জুর করে বাধিত করবেন।

**নিবেদক**

**আপনার একান্ত অনুগত**

মোহাম্মদ শাকিল খান
সহকারি পরিচালক
রিনিউয়েবল এনার্জি এন্ড এনার্জি ইফিসিয়েন্সি

**অনুলিপি:**

**১। মহাপরিচালক, পাওয়ার সেল, বিদ্যুৎ বিভাগ, বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়, ঢাকা।**

মহাপরিচালকের দপ্তর
পাওয়ার সেল
ডাইরী নং ১১ তারিখ ০২.০১.১৯

| |
|---|
| পরিচালক (ম্যানেজমেন্ট) |
| পরিচালক (কমার্শিয়াল) |
| পরিচালক (প্রাইভেট পাওয়ার) |
| পরিচালক (সাসটেইনেবল এনার্জি) |
| উপ-পরিচালক (এমআইএস) |
| মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী |

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
বিদ্যুৎ বিভাগ
উন্নয়ন- ১ অধিশাখা
www.powerdivision.gov.bd

নং- ২৭.০০.০০০০.০৭১.১৪.০০৩.২০০৩.(অংশ- ৪).৩ তারিখ- ০১/০১/২০১৯ খ্রিঃ।

বিষয়ঃ বিদ্যুৎ বিভাগের আওতায় পাওয়ার সেল কর্তৃক বাস্তবায়নাধীন Tcchnical Assistance for Implementation of Bangladesh Power Sector Reform (Phase-II) শীর্ষক কারিগরি সহায়তা প্রকল্পে নিয়োজিত কর্মকর্তাদের নিয়োগের মেয়াদ বৃদ্ধিকরণ প্রসঙ্গে।

সূত্রঃ ২৭.৭১.০০০০.০০২.০১.০৬৮.১৭.১২৫৭, তারিখ: ১৮/১২/২০১৮ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে পাওয়ার সেল কর্তৃক বাস্তবায়নাধীন ''Technical Assistance for Implementation of Bangladesh Power Sector Reform (Phase-II)'' শীর্ষক কারিগরি সহায়তা প্রকল্পের নিম্নেবর্ণিত কর্মকর্তাদের নিয়োগের মেয়াদ ০১/০১/২০১৯ হতে ৩০/০৬/২০১৯ খ্রিঃ তারিখ পর্যন্ত বৃদ্ধিতে সরকারের সম্মতি জ্ঞাপন করা হলোঃ

| ক্রঃ নঃ | কর্মকর্তাদের নাম | প্রসস্তাবিত পদের নাম |
|---|---|---|
| ০১ | মোহাম্মদ হোসাইন | প্রকল্প পরিচালক (মহাপরিচালক) |
| ০২ | শেখ মনির আহমেদ | পরিচালক (ম্যানেজমেন্ট) |
| ০৩ | মোঃ মঞ্জুরুল আলম | উপ- পরিচালক (ফিনান্সিয়াল ম্যানেজমেন্ট এন্ড এইচআরডি) |
| ০৪ | মোঃ সাজিবুল হক | উপ- পরিচালক (এমআইএস আইটি এন্ড ই- গর্ভনেন্স) |
| ০৫ | কিউ. এ. সারহান সাদিক | উপ- পরিচালক (সাসটেইনেবল এনার্জি) |
| ০৬ | মোঃ সলিম উল্লাহ খান | উপ- পরিচালক (প্ল্যানিং এন্ড কন্ট্রাক্ট ম্যানেজমেন্ট) |
| ০৭ | এস.এম মাসুদুজ্জামান | সহকারী পরিচালক (এমআইএস আইটি এন্ড ই- গর্ভনেন্স) |
| ০৮ | আফরিন আব্দুল্লাহ | সহকারী পরিচালক (প্ল্যানিং এন্ড ডেভেলপমেন্ট) |
| ০৯ | আব্দুল্লাহ আল- মুহিত | সহকারী পরিচালক (কন্ট্রাক্ট ম্যানেজমেন্ট) |
| ১০ | মোঃ সালেহ ইবনে শরীফ | সহকারী পরিচালক(মিটার এন্ড পারফরমেন্স মনিটরিং) |
| ১১ | মোঃ শাকিল খান | সহকারী পরিচালক (রিনিউয়েবল এনার্জি এন্ড এনার্জি ইফিসিয়েন্সি) |

০২। এমতাবস্থায়, এ বিষয়ে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

(মোহাম্মদ নাজমুল আবেদীন)
উপসচিব
ফোনঃ ৯৫৫৯৯২৮
email:dev-1@pd.gov.bd

মহাপরিচালক
পাওয়ার সেল
১নং আব্দুল গণি রোড, ঢাকা।

অনুলিপিঃ

১। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সচিব মহোদয়ের একান্ত সচিব, বিদ্যুৎ বিভাগ।
৩। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, বিদ্যুৎ বিভাগ, সিজিএ ভবন, সেগুনবাগিচা, ঢাকা।